# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭০৯

২৫/ আম্বিয়া

পরিচ্ছেদঃ মূসা (আঃ) এর কথা

## আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ أُرْسِلَ مَلَكُ الْمَوْتِ إِلٰى مُوسَى عَلَيْهِمَا السَّلَام فَلَمَّا جَاءَهُ صَكَّهُ فَرَجَعَ إِلٰى رَبِّهِ فَقَالَ أَرْسَلْتَنِي إِلٰى عَبْدٍ لَا يُرِيدُ الْمَوْتَ فَرَدَّ اللهُ عَلَيْهِ عَيْنَهُ وَقَالَ ارْجِعْ فَقُلْ لَهُ يَضَعُ يَدَهُ عَلٰى مَتْنِ ثَوْرٍ فَلَهُ بِكُلِّ مَا غَطَّتْ بِهِ يَدُهُ بِكُلِّ شَعْرَةٍ سَنَةٌ قَالَ أَيْ رَبِّ ثُمَّ مَاذَا قَالَ ثُمَّ الْمَوْتُ قَالَ فَالْآنَ

## বাংলা

(২৭০৯) আবূ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,) মূসা (আঃ)-এর কাছে তাঁর জান কবজ করতে মালাকুল মাওত (মানুষের বেশে) এলে তিনি তাঁকে এমন এক চড় মারলেন যে, তাতে তাঁর একটি চোখ নষ্ট হয়ে গেল! ফিরিশতা ফিরে গিয়ে আল্লাহকে বললেন, ’আপনি আমাকে এমন এক বান্দার জান নিতে পাঠালেন, যিনি মরতে চান না।’ আল্লাহ তাঁর চোখ ফিরিয়ে দিয়ে বললেন, ’ফিরে যাও এবং তাকে বল, সে যেন বলদের পিঠে হাত রাখে। অতঃপর তার হাত যত পরিমাণ লোম ঢেকে নেবে, তত পরিমাণ বছর সে দুনিয়ায় থাকতে পারবে।’ (সুতরাং তাই বলা হল।) মূসা (আঃ) বললেন, ’হে আমার প্রতিপালক! তারপর কী হবে?’ আল্লাহ বললেন, ’মৃত্যু।’ তখন মূসা (আঃ) বললেন, ’তাহলে এখনই (মরব)।

## ফুটনোট

(বুখারী ১৩৩৯, মুসলিম ৬২৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন